Regn. No. D. A. 410

Telegram AZADI : Phone Office 84078 : Press :

সর্বাধুনিক মেশিনে
মনের মত
মুদ্রণের জন্য
কোহিনুর ইলেক্ট্রিক প্রেস
আন্দরকিল্লা, চট্টগ্রাম।
ফোন-৫৪৪৫

আজাদী

THE AZADI

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মরহুম মোহাম্মদ আবদুল খালেক

আপনার মনের মত
সব বই
পেতে হলে
কোহিনুর লাইব্রেরী
১৮০, আন্দরকিল্লা — চট্টগ্রাম

৭ম বর্ষ ৭৩শ সংখ্যা, | চট্টগ্রাম : ২০শে নভেম্বর, রবিবার, ১৯৬৬ইং, ৪ঠা অগ্রহায়ণ, ১৩৭৩ সাল, ৬ই সাবান, ১৩৮৬ হিজরী, 20th November, 1966, মফঃস্বল : সোমবার, ২১শে নভেম্বর, ১৯৬৬ ইং | মূল্য : তের পয়

লণ্ডনের রয়েল ইনষ্টিটিউটে আয়ুবের ঘোষণা

পাকিস্তান সিটোর সদস্যপদের মূল্য ও কার্যকারিতাসম্পর্কে সন্দেহ প্রকাশ করে

লণ্ডন, ১৯শে নভেম্বর :— প্রেসিডেন্ট মোহাম্মদ আইয়ুব খান অদ্য রাত্রে আটজাতি দক্ষিণ পূর্ব এশিয়া চুক্তি সংস্থায় (সিটো) পাকিস্তানের সদস্যপদের মূল্য ও কার্যকারাতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করেন।

তিনি আন্তর্জাতিক বিষয়ক রয়েল ইনষ্টিটিউটের এক সভায় জনৈক প্রশ্নকারীকে জানান যে, নিরাপত্তার জন্যই পাকিস্তান প্রতিরক্ষা মৈত্রী জোটে যোগদান করিয়াছিল। "কিন্তু আমরা যখন আক্রান্ত হইলাম তখন কেহই তর্জনী তুলেন নাই, এখন আপনারাই বলুন ইহার প্রতি আমরা কতটুকু গুরুত্ব আরোপ করিতে পারি" বলিয়া প্রেসিডেন্ট ঘোষণা করেন।

আনুষ্ঠানিক বক্তৃতার পর প্রশ্নোত্তর অধিবেশনে প্রেসিডেন্টকে চীনের সহিত পাকিস্তানের বন্ধুত্ব ও অন্যান্য কারণে পাকিস্তানের সিটো সদস্যপদ কেবল তত্ত্বমূলকই রহিয়াছে কিনা মর্মে জিজ্ঞাসা করা হয়।

প্রেসিডেন্ট আরও বলেন যে, পাক-ভারত উপমহাদেশে ফেডারেশন কার্যকরী হইবে না, হইতে পারেনা এবং উহা একটি কল্পনামাত্র।

অদূর ভবিষ্যতে একটি ফেডারেল সমাধান যাহাতে কাশ্মীর প্রভৃতি সমস্যা মীমাংসিত হওয়ার সম্ভাবনা রহিয়াছে কিনা প্রশ্নোত্তরে তিনি প্রশ্নকর্তাকে জিজ্ঞাসা করেন যে, আপনি দেশ বিভাগই ভুল হইয়াছে কিনা জানিতে চাহেন? তিনি বলেন, ইহা ভুল নয়। দেশ বিভাগের সঙ্গে সঙ্গে ভয়াবহ ঘটনাবলী সংঘটিত হইয়াছে এবং দেশ অবিভক্ত থাকিলে আরও ভয়াবহ ঘটনা ঘটিত। উক্ত উপমহাদেশে তখন গৃহযুক্ত শুরু হইত।

তিনি বলেন, দুইটি পরস্পর বিরোধী আদর্শ পাশাপাশি থাকিতে পারেনা। আমরা সাধারণ ভ্রাতৃত্বের বিশ্বাসী এবং জনগণকে সমান সুযোগ দিয়া থাকি। আমাদের মধ্যে যেখানে বর্ণ বা জাতিগত ভেদাভেদ নাই সেখানে হিন্দু ধর্মের মৌলিক ভাবধারা হইতেছে শ্রেণীগত বৈষম্য ব্যবস্থা।

অপর এক প্রশ্নোত্তরে প্রেসিডেন্ট আয়ুব বলেন, কাশ্মীর প্রশ্নের যে কোন সমাধান পাকিস্তান, ভারত ও কাশ্মীরী জনগণের আপোষ রফামূলক সন্তোষজনক হইতে হইবে।

(শেষ পৃঃ ২য় কঃ দ্রঃ)

দুই দিনের সফরে জনাব এম, এ, রহিমের চট্টগ্রাম আগমন

(বার্তা পরিবেশক)

আদমজী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেডের পূর্ব পাকিস্তানের লাইফ ম্যানেজার জনাব এম,এ, রহিম দুই দিনের সফরে আগামীকল্য চট্টগ্রাম আগমন করিতেছেন। তিনি হোটেল শাহজাহানে অবস্থান করিবেন।

আগামী ২২শে নভেম্বর তারিখে বিকাল সাড়ে ৪ ঘটিকায় কোম্পানীর ফিল্ড বাহিনীর এক সভা হোটেল শাহজাহানে অনুষ্ঠিত হইবে। জনাব এম,এ, রহিম এই সভায় সভাপতিত্ব করিবেন।



পূর্ব পাকিস্তানের গভর্ণর জনাব আবদুল মোনয়েম খান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শুভ উদ্বোধন করিতেছেন। গভর্ণরের ডান পার্শ্বে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার ডঃ [illegible] মল্লিককে দেখা যাইতেছে।

রামগড়ের জনসভায় গভর্ণরের আহ্বান

জাতি গঠনকাজে সর্বান্তঃকরণে শরীক হউন

রামগড়, (পার্বত্য চট্টগ্রাম) ১৯শে নভেম্বর।-পূর্ব পাকিস্তানের গভর্ণর জনাব আবদুল মোনেম খান অদ্য এখানে এক বিরাট জনসভায় বলেন যে অন্যান্য জিলার মত পার্বত্য চট্টগ্রামের ক্ষেত্রে জনসংখ্যার ভিত্তিতে উন্নয়ন খাতে অর্থ বরাদ্দের নীতি কড়াকড়ি ভাবে অনুসরণ করা হয় না। তিনি বলেন যে, উক্ত নীতি অনুসরণ করা হইলে স্বল্প জনসংখ্যা অধ্যুষিত পার্বত্য চট্টগ্রামের উন্নয়ন ক্ষতিগ্রস্ত হইবে।

গভর্ণর জনাব মোনেম খান এখানে আসিয়া পৌঁছিলে উপজাতীয় নারীপুরুষ তাঁহাকে প্রাণঢালা সম্বর্ধনা জ্ঞাপন করে। তাঁহার আগমন উপলক্ষে রামগড় সদর দফতর হইতে দুই মাইল পর্যন্ত রাস্তা বিভিন্ন বর্ণে সজ্জিত করা হয় এবং অভিনন্দন বাণী সুদৃশ্য তোরণগুলির শোভা বর্ধন করে। সমবেত জনতার কণ্ঠে "পাকিস্তান জিন্দাবাদ" "আয়ুব খান জিন্দাবাদ" "মোনেম খান জিন্দাবাদ" ধ্বনিতে রামগড় মুখরিত হইয়া উঠে।

গভর্ণর তাঁহার বক্তৃতায় পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় জনসাধারণের জন্য শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধি করা হইতেছে বলিয়া উল্লেখ করেন। তিনি বলেন যে, পার্বত্য চট্টগ্রাম শিক্ষা মুক্ত জিলা, তথাপি সরকার এই এলাকার প্রাইমারী শিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয় বিবেচনা করিতেছেন।

গভর্ণর মোনেম খান প্রকাশ করেন যে, রামগড় মহকুমায় আরও দুইটি বৃত্তি শিক্ষার স্কুল স্থাপন করা হইবে। তিনি বলেন যে পার্বত্য চট্টগ্রামে এ পর্যন্ত ৩৯১টি প্রাইমারী স্কুল স্থাপন ও কয়েকটি হাইস্কুল উন্নয়ন কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছে।

গভর্ণর জ[illegible] সরকারের জাতিগঠনমূল[illegible] সর্বোতভাবে অংশ গ্রহ[illegible] জনসাধারণের প্রতি [illegible] জানান। তিনি বলেন [illegible] মান সরকারই সত্যকা[illegible] নিষিদ্ধ মূলক এবং জনস[illegible] সহকার।

(শেষ পৃঃ ৩য় কঃ)

নিম্নচাপটি চট্ট[illegible] ৮০০ মাইল দু[illegible] অবস্থান করিতে[illegible]

চট্টগ্রাম, ১৯শে নভে[illegible] —দক্ষিণ পশ্চিম ও [illegible] দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগ[illegible] ধনীভূত নিম্নচাপটি উত্তর [illegible] অভিমুখে অগ্রসর হইতেছে [illegible] পতেজা আবহাওয়া [illegible] খবরে প্রকাশ।

অদ্য সন্ধ্যা ছয় [illegible] ঘনীভূত এই নিম্নচাপটি [illegible] হইতে প্রায় আটশত [illegible] দক্ষিণ পশ্চিমে অবস্থান [illegible] তেছিল। নিম্নচাপটি [illegible] হওয়ার সম্ভাবনা রহিয়াছে [illegible] চট্টগ্রাম, চালনা [illegible] বাজার বন্দরে এক নম্বর [illegible] সতর্ক সঙ্কেত উত্তোলনে [illegible] প্রদান করা হইয়াছে।

বৃষ্টি ও বজ্রসহ ব[illegible] হওয়ার সম্ভাব[illegible]

অদ্য সন্ধ্যা ৬ ঘটিকা [illegible] আগামীকল্য মধ্যাহ্ন [illegible] আবহাওয়ার পূর্বাভাসে [illegible] যে [illegible] দক্ষিণাঞ্চলীয় [illegible] সমু[illegible] আঞ্চলিকভাবে অন্যত্র [illegible] হইতে মাঝারী ধরণের [illegible] হইতে পারে।

উপকূলবর্তী জেলা [illegible] উপকূলবর্তী দ্বীপগুলিতে [illegible] বজ্রপাত সহ ঝড়ো [illegible] প্রবাহিত হওয়ার সম্ভাব[illegible] রাছে।

পরবর্তী দুই দিবস আ[illegible] আরও অবনতি হওয়ার [illegible] রহিয়াছে।

ভারতে পুলিশী জুলুমের প্রতিবাদে অন্ধ্ররাজ্য পরিষদের ৬৭জন সদস্যের পদত্যাগ

নয়াদিল্লী, ১৯শে নভেম্বর।-- অন্ধ্র রাজ্যের ভিশাখাপতনে যে একটি ইস্পাত কারখানা প্রতিষ্ঠার দাবীতে চলিত মাসের প্রথম ভাগে যে দাঙ্গা ও পুলিশের গুলী বর্ষণ ঘটে উহার প্রতিবাদে অদ্য ৬৭ জন রাজ্য পরিষদ সদস্য পদত্যাগ করিয়াছেন। পুলিশ অদ্য ভারতীয় রাজধানীতে জাতীয় ছাত্রদের পরিকল্পিত মোর্চা পূর্বাহ্নেই পণ্ড করিয়া দিয়াছে বলিয়া জানা গিয়াছে। ইহা আইন ও শৃঙ্খলা রক্ষায় চরম সংকট সৃষ্টি করার সম্ভাবনা ছিল।

ছাত্রদের বিক্ষোভ মিছিল দমনের জন্য নয়াদিল্লীতে সৈন্যবাহিনী সহ বিরাট পুলিশ বাহিনীকে সতর্ক রাখা হইয়াছে।

পুলিশী 'বর্বরতা'র বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপনকল্পে এই ছাত্র মোর্চা সংঘঠিত করার প্রচেষ্টা গ্রহণ করা হইয়াছিল।

অদ্য যে ২০ ব্যক্তিকে গ্রেফতার করা হয়, ছাত্র মোর্চা বন্ধ করার জন্য উহা যথেষ্ট হইবে বলিয়া খবরে প্রকাশ।

পুলিশ ইতিপূর্বে এই মোর্চা [illegible] "খারাপ চরিত্রের লোক" ও ৫জন পার্লামেন্ট সদস্যকে গ্রেফতার করিয়াছে। অদ্য পার্লামেন্ট ভবনের সম্মুখে রাজবন্দীদের মুক্তির দাবীতে বিক্ষোভ প্রদর্শনকালে ১৫ জন ছাত্রকে গ্রেফতার করা হয়।

এখানে প্রাপ্ত খবরে জানা গিয়াছে যে, সম্প্রতি ছাত্রেরা যে রক্তক্ষয়ী দাঙ্গা শুরু করিয়াছে তাহা দমনের জন্য ব্যাপক ধর পাকড় চলিতেছে।

দিল্লীর চতুর্দিকে কড়া পুলিশী প্রহরা মোতায়েন করিয়া যুবকদের প্রবেশ প্রতিরোধ করা হয়।

অদ্য ভারতীয় পার্লামেন্টের জনৈক স্বতন্ত্র সদস্য দেশব্যাপী গো-হত্যা নিষিদ্ধকরণের দাবীতে একটি বিল উত্থাপন করেন।

—এ,পি,পি/এ,পি,এ

আওয়ামী লীগ নেতৃবৃন্দের চট্টগ্রাম আগমন

(বার্তা পরিবেশক)

আগামীকল্য সোমবার সকাল সাড়ে সাত ঘটিকায় চট্টগ্রাম মেইলযোগে পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদিকা মিসেস [illegible] বেগম, প্রাদেশিক পরিষদের বিরোধী দলীয় নেতা জনাব আবদুল মালেক উকিল, জনাব রফিক উদ্দিন ভূইয়া, জনাব নুরুল হক এম, পি, এ প্রমুখ আওয়ামী লীগ নেতৃবৃন্দ চট্টগ্রাম আগমন করিবেন।

চট্টগ্রামে অবস্থানকালে নেতৃবৃন্দ পটিয়া, রাউজান মীরেশ্বরাই, কক্সবাজার, হাটহাজারী লালদিঘী ময়দানে আয়োজিত জনসভায় বক্তৃতা করিবেন।

আগামীকল্য সকাল সাড়ে সাত ঘটিকায় চট্টগ্রাম রেল ষ্টেশনে নেতৃবৃন্দকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সকল আওয়ামী লীগ সভ্য-সমর্থক এবং গণতন্ত্র[illegible]

অদ্য প্রেস ক্লাবে

গভর্ণরের সহিত সাংবাদিকদের সাক্ষাৎকার

(বার্তা পরিবেশক)

পূর্ব পাকিস্তানের গভর্ণর জনাব আবদুল মোনেম খান অদ্য সন্ধ্যা ছয় ঘটিকায় জামান খান রোডস্থ প্রেস ক্লাবে স্থানীয় সাংবাদিকদের সহিত এক সাক্ষাৎকারে মিলিত হইবেন। সকল সাংবাদিককে

এ, আই, সি, ফিল্ড ফোর্সেস লক্ষ্য করুন !

আমাদের সহযোগিতার পদ্ধতি সম্পর্কে, ২২শে নভেম্বর /৬৬ তারিখ মঙ্গলবার, বিকাল ৪-৩০ মিনিটে হোটেল শাহজাহানে একটি জরুরী সভা অনুষ্ঠিত হইবে। আদমজী ইন্স্যুরেন্স কোং লিঃ-এর পূর্ব পাকিস্তানের লাইফ ম্যানেজার জনাব এম, এ, রহিম এই সভায় মেহেরবানী করিয়া সভাপতিত্ব করিবেন। সুতরাং, সমস্ত ফিল্ড বাহিনীকে যথাসময়ে সভায় উপস্থিত থাকিতে সবিনয়ে অনুরোধ জানান যাইতেছে।

এস, রহমান,
ব্রাঞ্চ ম্যানেজার (লাইফ)
আদমজী ইন্স্যুরেন্স কোং লিঃ,

এম, ভি, সফিনায়ে আ[illegible]

২৬শে নভেম্বর, ১৯৬৬ তারিখে বা সেই সময়ে পৌঁছিতেছে। ১৯৬৬ সনের ৩রা ডিসেম্বর তারিখের করাচীর উদ্দেশ্যে সরাসরি যাত্রা করিবে।

স্থান শেষ হইবার আগেই আপনার পণ্যাদি বুক পৌঁছিবার পরই যাত্রীদের বুকিং আরম্ভ হইবে।

অনুগ্রহ পূর্বক যোগাযোগ করুন :

দি চিটাগং শীপিং এণ্ড ট্রেডিং কর্পোরে[illegible]

তাহের চেম্বারস, ফোন : ৪৪৮০,[illegible]
আগ্রাবাদ গ্রাম : বরকত
চট্টগ্রাম